


# আবর্জনা কমান, সময় বাঁচান!

## NYC পাবলিক স্কুলস্-এর পরবর্তী জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস পালিত হবে বুধবার, 7 ফেব্রুয়ারি

আপনি জানেন কি? 2017 সালের একটি গবেষণা থেকে দেখা গেছে যে, আমাদের স্কুলগুলোতে সৃষ্ট আবর্জনার 86% থেকে জৈব সার তৈরি করা কিংবা রিসাইকেল করা যেতে পারে!
(**NYC ডিপার্টমেন্ট অভ স্যানিটেশন**)

সেজন্যে 7 ফেব্রুয়ারি শিক্ষার্থীরা তাদের স্কুলের কমিউনিটিতে ও কমিউনিটির বাহিরে মজার, প্রাসঙ্গিক, এবং উদ্ভাবনী উপায়ে সীমিত করা (রিডিউস্), পুনরায় ব্যবহার (রিইউজ), এবং পুনরায় প্রস্তুত করা (রিসাইকেল) সম্পর্কে শিখবে।

উন্নত ভবিষ্যতের জন্য আমাদের কাজ করার পথে, এই আবর্জনা বিষয়ক প্রতিপাদ্য বা থিমের উপর জলবায়ু রক্ষা কার্যক্রম দিবসটি পালনে NYC জুড়ে অন্যান্য শিক্ষার্থীদের সাথে যোগ দিন।

একত্রে, আমরা ব্যতিক্রম সাধন করতে পারবো!

জলবায়ু রক্ষা কার্যক্রম দিবস সম্পর্কে আরো জানুন:

**schools.nyc.gov/ClimateActionDays**

আমাদের স্কুলগুলোতে দুইটি উপায়ে আমরা আবর্জনা হ্রাস করতে পারি:

**1**

প্রথমত আবর্জনা সৃষ্টি করা রোধ করে! আপনার যতটুকু প্রয়োজন শুধু ততটুকু ব্যবহার করুন এবং উপাদান পুনরায় ব্যবহার করার উপায় খুঁজুন।

**2**

আমাদের ল্যান্ডফিল-এ (আবর্জনা ফেলার উন্মুক্ত স্থান) পাঠাবার আগে রিসাইকেল ও কম্পোস্ট (জৈব সার) করার জন্য সবকিছু যথাযথভাবে আলাদা করুন। 2024 শিক্ষা বছরের শেষে, K-12 NYC পাবলিক স্কুলগুলোর সবগুলোতে কার্বসাইড কম্পোস্টিং পরিষেবার ব্যবস্থা থাকবে!